# ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ

নিবন্ধন নং ১৭৬(টি),তারিখ: ০৫/০৬/১৯১৩খ্রি.

(সংশোধিত নিবন্ধন নং ১৭৬/০২(চট্ট) তারিখ ২২/১২/২০০৮ খ্রি.)

মৌলভীপাড়া, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং: ০৩৭৮(১৬৩)

তারিখ: ০৩/১১/২০২৫খ্রি.

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল-২০২৫

এত দ্বারা ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর সকল সদস্য সমিতি ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১০/১২/২০২৫ খ্রি. তারিখ রোজ: বুধবার ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ উপলক্ষে সকাল ৮.০০ ঘটিকা হতে বিরতিহীনভাবে বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হবে এবং নির্বাচন শেষে বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচনে সমগ্র নির্বাচনী এলাকার সদস্য সমিতি সমূহের বৈধ ভোটারদের প্রত্যক্ষ ভোটে ১ জন সভাপতি ও ১ জন সহ-সভাপতি নির্বাচিত হবেন এবং ০২ টি নির্বাচনী এলাকা/ব্লক এর প্রতিটি হতে ০১ জন করে ২ জন ব্যবস্থাপনা কমিটির সদস্য স্ব-স্ব নির্বাচনী এলাকার সদস্য সমিতি সমূহের বৈধ ভোটারদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন।

নির্বাচন কমিটির ০২/১১/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

| ক্রঃ নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র বিতরণ/প্রাপ্তি | ১৬/১১/২০২৫ খ্রি. হতে ১৭/১১/২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ২ | মনোনয়ন পত্র দাখিল | ১৯/১১/২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত | ঐ |
| ৩ | মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ২০/১১/২০২৫ খ্রি. | সকাল ১১.০০ টা হতে | ঐ |
| ৪ | প্রাথমিকভাবে চূড়ান্ত প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ | ২০/১১/২০২৫ খ্রি. | বাছাইয়ের পর | সমিতির নোটিশ বোর্ড |
| ৫ | মনোনয়ন পত্র বাতিলের বিরুদ্ধে আপীল আবেদন গ্রহণ | ২৩/১১/২০২৫ খ্রি. ও ২৪/১১/২০২৫ খ্রি. | অফিস চলাকালীন সময়ে | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয় |
| ৬ | আপীলের শুনানী গ্রহণ | ২৫/১১/২০২৫ খ্রি. ২৬/১১/২০২৫ খ্রি. ও ২৭/১১/২০২৫ খ্রি. | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | ঐ |
| ৭ | চূড়ান্তভাবে বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ | ৩০/১১/২০২৫ খ্রি. | বেলা ৩.০০ টায় | সমিতির নোটিশ বোর্ড |
| ৮ | মনোনয়ন পত্র প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ০১/১২/২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৯ | প্রার্থীদের প্রতীক বরাদ্দ ও চূড়ান্ত তালিকা প্রকাশ/ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ০২/১২/২০২৫খ্রি. | বেলা ৩.০০ টায় | ঐ |
| ১০ | ভোট গ্রহণ | ১০/১২/২০২৫ খ্রি. | সকাল ৮.০০ টা হতে বেলা ৩.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে | সমিতির কার্যালয় |
| ১১ | ভোট গণনা | ১০/১২/২০২৫ খ্রি. | ভোট সমাপ্তির পর | ঐ |
| ১২ | ফলাফল প্রকাশ | ১০/১২/২০২৫ খ্রি. | ভোট গণনার পর | ঐ |

## নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ :

| ক্র. নং | পদের নাম | নির্বাচনী এলাকা | প্রতীক সমূহ |
|---|---|---|---|
| ১ | সভাপতি | সমগ্র নির্বাচনী এলাকা | চেয়ার, ছাতা, আনারস, হরিণ। |
| ২ | সহ-সভাপতি | সমগ্র নির্বাচনী এলাকা | দোয়াত কলম, মই, কলস. খেজুর গাছ। |
| ৩ | সদস্য | ব্লক নং ১ | মাছ, আম, তালাচাবি, বালতি, উড়োজাহাজ। |
| ৪ | সদস্য | ব্লক নং ২ | ফুটবল, দেয়াল ঘড়ি, মোরগ, বই, রাজহাঁস। |

## ভোটার ও প্রার্থীর জন্য নির্বাচনী আচরণ বিধিমালা :

ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর নির্বাচনী বিশেষ সাধারণ সভায় অংশ গ্রহণের জন্য প্রতিবিধি প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্বাচনী আচরণ বিধিমালা/শর্তাবলী মানিয়া চলিতে হইবে :

১। সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৮৭ ও ৮৮ বিধি মোতাবেক অযোগ্য সদস্যকে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এ ভোট প্রদানের জন্য প্রতিনিধি হিসাবে মনোনয়ন করা যাবে না।

২। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৫ এ প্রত্যেক ভোটারকে পরিচয় পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র যুক্ত করে আগামী ০৮/১২/২০২৫খ্রি. তারিখের মধ্যে নির্বাচন কমিটির নিকট দাখিল করে ভোট প্রদানের অনুমতিপত্র গ্রহণ করতে হবে। ভোটার যদি নিজে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর নির্বাচনে প্রার্থী হন তাহলে মনোনয়নপত্রের সাথে উল্লেখিত রেকর্ডপত্র নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে।

২.১। প্রতিনিধি প্রেরণকারী প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার রেজুলেশন সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং উপজেলা/ জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত অনুলিপি দাখিল করতে হবে।

২.২। সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৩৩ (২) এর ফরম ৮ মোতাবেক প্রতিনিধি পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে।

২.৩। অগ্রিম/ঋণ বাবদ গৃহিত অর্থ দেনা নাই এবং প্রাথমিক ও কেন্দ্রীয় সমিতির নিকট ঋণ খেলাপী নহে মর্মে নির্বাহী কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৩। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ২০২৫ এ প্রার্থীকে মনোনয়ন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র যুক্ত করে তফসিলে বর্ণিত তারিখে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। পরবর্তীতে ০৮/১২/২০২৫ তারিখ নির্বাচন কমিটির নিকট হতে ভোট প্রদানের অনুমতিপত্র গ্রহণ করতে হবে। মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখে প্রার্থীকে সংশ্লিষ্ট সমিতির বৈধ সদস্য তালিকা বহি, ব্যবস্থাপনা কমিটি কার্যবিবরণী বহি, বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী বহি, জমা-খরচ বহি এবং কর্জের খতিয়ান বহি ও সর্বশেষ অডিট রিপোর্ট নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

৩.১। সংশ্লিষ্ট প্রতিনিধি প্রেরণকারী প্রাথমিক সমবায় সমিতির সভাপতি/ সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং উপজেলা/ জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার রেজুলেশনের অনুলিপি দাখিল করতে হবে। প্রার্থী সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৯ (১) ও ১৯ (২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য মর্মে ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে সুস্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

৩.২। সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৩৩ (২) এর ফরম ৮ মোতাবেক প্রতিনিধি পরিচয় পত্রের কপি সংযুক্ত করতে হবে।

৩.৩। সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির সভাপতি/ সম্পাদক কর্তৃক সত্যায়িত প্রাথমিক সমিতির সদস্য তালিকা বহির ফটোকপি।

৩.৪। সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির সভাপতি/ সম্পাদক কর্তৃক সত্যায়িত সর্বশেষ ০২ টি সাধারণ সভার রেজুলেশনের ফটোকপি।

৩.৫। মনোনয়ন পত্রের ফি (অফেরতযোগ্য) বাবদ সভাপতি পদের জন্য ১০০০০/-(দশ হাজার) টাকা, সহ-সভাপতি পদের জন্য ৮০০০/-(আট হাজার) টাকা, সদস্য পদের জন্য ৫০০০/-(পাঁচ হাজার) টাকা কেন্দ্রীয় সমিতির রশিদ মূলে জমা করত: জমার স্লিপ মনোনয়ন পত্রের সহিত সংযুক্ত করতে হবে।

৩.৬। অগ্রিম বাবদ গৃহিত অর্থ দেনা নাই এবং প্রাথমিক ও কেন্দ্রীয় সমিতির নিকট ঋণ খেলাপী নহে এ মর্মে ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি/নির্বাহী কর্মকর্তা এর প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৩.৭। মনোনয়নপত্রের কোন অংশ অসম্পূর্ণ রাখা যাবে না, ঘষামাজা করা যাবে না, ফ্লুইড দেওয়া ও ভুল কিংবা মিথ্যা তথ্য প্রদান করা যাবে না। তফসিলে বর্ণিত প্রয়োজনীয় দলিলপত্র যথাযথভাবে সম্পূর্ণ করে দাখিল করতে হবে।

০৪। একই সমিতি/প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ নির্বাচনী এলাকা বহির্ভূত এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।

০৫। অবসায়নে ন্যস্ত এবং নিবন্ধন বাতিলকৃত সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশ গ্রহণ বা ভোট প্রদান করতে পারবে না।

০৬। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণ তাহাদের পদবীর পার্শ্বে উপরে উল্লেখিত প্রতীক দাবী করিতে পারবেন। একাধিক প্রার্থী একই প্রতীক দাবী করলে লটারীর মাধ্যমে প্রতীক নির্ধারণ/ বরাদ্দ করা হবে।

০৭। নির্বাচন সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির সাথে যোগাযোগ করা যাবে।

০৮। নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট যাবতীয় সমবায় সমিতি আইন ও বিধি মানিয়া চলতে হবে।

০৯।

০৮। নির্বাচনী ফলাফল ঘোষণায় নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

মোহাম্মদ শাহআলম খন্দকার
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
ও
সদস্য
নির্বাচন কমিটি/২০২৫

মোহাম্মদ ইব্রাহিম খলিল
উপজেলা সমবায় অফিসার
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া
ও
সদস্য
নির্বাচন কমিটি/২০২৫

মোঃ আজিজুল হক
উপজেলা সমবায় অফিসার,
সদর, ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৫

স্মারক নং-১০৭৫/১(১৪)

তারিখ: ০৩/১১/২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

০১। জনাব..........................................................সভাপতি/সম্পাদক,..........................................................................
সমবায় সমিতি লিঃ। গ্রাম:.................................পোঃ ...................................উপজেলা:..............................জেলা: ব্রাহ্মণবাড়িয়া।

০২। নির্বাহী কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ । তাঁকে নির্বাচনী তফসিলটি সকল সদস্য সমিতিতে (প্রাথমিক সমবায় সমিতি) এবং ৩-৭ নং ক্রমিকে বর্ণিত দপ্তরসমূহে যথাসময়ে রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণসহ কেন্দ্রীয় সমবায় ব্যাংকের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ।

০৪। উপজেলা সমবায় অফিসার, সদর/নবীনগর/কসবা/নাসিরনগর/বিজয়নগর/আখাউড়া/আশুগঞ্জ/বাঞ্ছারামপুর/সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

০৫। জেলা সমবায় অফিসার, ব্রাহ্মণবাড়িয়া।

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।

০৭। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৮। কেন্দ্রীয় সমবায় ব্যাংকের নোটিশ বোর্ড।

মোঃ আজিজুল হক
উপজেলা সমবায় অফিসার,
ব্রাহ্মণবাড়িয়া সদর
ও
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৫
ব্রাহ্মণবাড়িয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ